

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক
(সিসিএ)- এর কার্যালয়
আইটি সিকিউরিটি



বিষয়: সিসিএ কার্যালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	হাসিনা বেগম
সভার তারিখ	২০/০৯/২০২১ খ্রি:
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্লাটফর্ম
উপস্থিতি	ইনোভেশন টিম

সদস্য সচিব সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সিসিএ কার্যালয়ের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন বিষয়ক আলোচনা	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, সিসিএ কার্যালয়ের ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবনী ধারণা ও সেবা সহজীকরণের জন্য নিরাপদ ই-ডকুমেন্টেশন, হিসাব রক্ষণ সংক্রান্ত কার্যক্রমের অটোমেশন এবং ডিজিটাল সিগনেচার ট্রেনিং অটোমেশন সফটওয়্যার এই তিনটি ধারণা নির্বাচন করা হয়েছে। এর মধ্যে নিরাপদ ই-ডকুমেন্টেশন বিষয়ক ধারণাটি ইতিমধ্যে বাস্তবায়ন করা হয়েছে।	ক) ২০২১-২২ অর্থবছরে সিসিএ কার্যালয়ের সহজিকৃত ও ডিজিটাইজড সেবা হিসাবে নিরাপদ ই-ডকুমেন্টেশন বিষয়ক বাস্তবায়িত ধারণাটি জমা দেওয়া হবে। উক্ত সেবাটির সার্ভিস সিমুলিফিকেশন ডায়াগ্রাম এবং সেবা বাস্তবায়নের পূর্বের ও পরের TCV এর তুলনামূলক বিবরণ আগামী ৩০/০৯/২০২১ এর মধ্যে প্রস্তুত করতে হবে। খ) ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবনী ধারণা হিসেবে হিসাব রক্ষণ সংক্রান্ত কার্যক্রমের অটোমেশন এবং ডিজিটাল সিগনেচার ট্রেনিং অটোমেশন সফটওয়্যার বাস্তবায়ন করা হবে। এই দুইটি ধারণার বিনির্দেশ আগামী ৩০/০৯/২০২১ এর মধ্যে প্রস্তুত করতে হবে।
ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা ও ডিজিটাইজড সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা	সদস্য সচিব সভাকে অবহিত করেন উক্ত সভাটি গত ২২/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় কন্যাকথা ওয়েবপোর্টালটির বিষয়ে অংশীজনদের মতামত ও পরামর্শ গ্রহণ করা হয়েছে।	পর্যালোচনা সভায় প্রাপ্ত মতামত অনুযায়ী “কন্যাকথা” ওয়েবপোর্টালটিকে নিয়মিত আপডেট করতে হবে।
ই-নথির ব্যবহার বৃদ্ধি	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে সিসিএ কার্যালয়ে হার্ড এবং সফট মিলে মোট যতগুলো নোট নিষ্পত্তি হবে তার অন্তত ৮০ শতাংশ ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করার বাধ্যবাধকতা রয়েছে। এই কার্যক্রমের প্রমাণক হিসেবে শাখাভিত্তিক উপস্থাপিত ই-নথি এবং হার্ডনথির স্টেটমেন্ট, ফাইল মুভমেন্ট রেজিস্টার ইত্যাদি দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়েছে।	আগামী ২৮/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে যথাযথ প্রমাণক সংগ্রহ করে এই কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে মোট ৪ (চার) টি অবহিতকরণ সভা/ কর্মশালা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। এর মধ্যে প্রথম কর্মশালাটি গত ১৪/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	আগামী অক্টোবর মাসে এই সংক্রান্ত দ্বিতীয় সভা/কর্মশালা আয়োজনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।
তথ্য বাতায়ন হালনাগাদকরণ	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী সিসিএ কার্যালয়ের তথ্য বাতায়নের সকল সেবা বন্ধ নিয়মিত হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে নিয়মিত প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে।	সিসিএ কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ করে একটি ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ২৮/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে।
কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে সিসিএ কার্যালয়ের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত মোট ৪ (চার) টি প্রশিক্ষণ আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। এ সংক্রান্ত প্রথম প্রশিক্ষণটি গত ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	আগামী অক্টোবর মাসে এই সংক্রান্ত দ্বিতীয় প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।
ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে সিসিএ কার্যালয়ের বাজেটে উদ্ভাবন খাতে ২ (দুই) লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।	ইনোভেশন খাতে প্রকৃত ব্যয় নির্ধারণ করতে হবে এবং সে অনুযায়ী বাজেটে প্রয়োজনীয় উপয়োজন করতে হবে।
কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত মোট ৪ (চার) টি সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। আজকের সভাটি এই সংক্রান্ত ১ম সভা।	ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা সভা সমূহ নিয়মিত আয়োজন করতে হবে।
দেশ/ বিদেশে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে অন্তত ১ (এক) টি বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বাধ্যবাধকতা রয়েছে।	বিসিসি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হাইটেক পার্কের কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত কোন একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা হবে। সম্ভাব্য তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সদস্য সচিব সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম শেষ করেন।



হাসিনা বেগম

উপ-নিয়ন্ত্রক (সাইবার অপরাধ ও নিরাপত্তা)

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.২১.১৫৮

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮

২৬ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) আইন কর্মকর্তা (ব্লুটিন দায়িত্ব), আইন, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
- ২) সহকারী প্রোগ্রামার (ব্লুটিন দায়িত্ব), ডাটাবেজ ও এডমিনিস্ট্রেশন, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
- ৩) সহকারী প্রোগ্রামার (ব্লুটিন দায়িত্ব), আইটি সিকিউরিটি, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়



বেগম নাজনীন আক্তার
সহকারী প্রকৌশলী